# শেয়ার বিষয়ক সেবা

## ☆ ব্যাংকের শেয়ার সংক্রান্ত

আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের প্রারম্ভিক মূলধন ১০০ (একশত) কোটি টাকা। যা ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে বর্তমানে ১০০০ (এক হাজার) কোটি টাকায় উন্নীত হয়েছে। যার ২৫% গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ৭৫% বাংলাদেশ আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের মধ্যে প্রতিটি ১০০ (একশত) টাকা মূল্যমানের শেয়ার বিক্রয়ের মাধ্যমে সংগ্রহের বিধান রয়েছে। বর্তমানে পরিশোধিত মূলধন ৪০০ (চার শত) কোটি টাকার মধ্যে বাংলাদেশ আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের অংশ ৩০০ (তিন শত) কোটি টাকা।

## ☆ শেয়ার আবেদন পত্র প্রাপ্তির স্থান

ব্যাংকের শেয়ার আবেদন নিকটবর্তী আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখা সমূহ, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয় এবং বাংলাদেশ আনসার ও ভিডিপি সদর দপ্তরে বিনামূল্যে পাওয়া যায়।

## ☆ শেয়ার ক্রয়ের যোগ্যতা ও পরিমাণ

কেবল মাত্র আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংগঠনে কর্মরত কর্মকর্তা-কর্মচারী এবং অত্র ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ তাদের চাহিদা মোতাবেক যে কোন সংখ্যক শেয়ার ক্রয় করতে পারবেন।

যারা আনসার ও ভিডিপির যে কোন রকম প্রশিক্ষণ গ্রহণ করে উক্ত প্রশিক্ষণের মেয়াদ অনুযায়ী তাদের নামে শেয়ার ক্রয় করা হয়।

## ☆ শেয়ার লভ্যাংশ

আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক একটি লাভ জনক প্রতিষ্ঠান। প্রতি আর্থিক বছর শেষে অনুমোদিত হারে লভ্যাংশ প্রদান করা হয়। শেয়ার হোল্ডারগণ তার নিকটবর্তী আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে লভ্যাংশ গ্রহণ করতে পারবেন। তবে সেক্ষেত্রে ১০ টাকা দিয়ে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকে একটি এ্যাকাউন্ট খুলতে হবে।